

pub/011

# দৈনিক ইনকিলাব



তারিখ ... ২.২ NOV ১৯৫৪ ...  
পৃষ্ঠা ... ১৫১ ...

## শিক্ষাঙ্গন

### শিক্ষাঙ্গনের পবিত্রতা

আমরা শুধু বলছি শিক্ষা জাতির মেরুদণ্ড। প্রগতিশীল দেশসমূহের চাবিকাঠি হচ্ছে শিক্ষা। শিক্ষা ব্যক্তি জাতি কোন দিন উন্নয়নশীল বা সভ্য জাতি হিসেবে দাবী করতে পারে না। আমরা তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশ। শিক্ষার হার ক্রমশ্য বৃদ্ধি করার তাগিদে বর্তমান সরকার আগ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। শিক্ষা জাতির মেরুদণ্ড এ কথাটিকে আমরা শুধু প্রবাদ বাক্যেই বলি। একটু চিন্তা করলে বুঝতে পারব, এ প্রবাদ বাক্যের প্রাধান্য কতটুকু। শিক্ষা ব্যতীত কোন জাতি সভ্যতার পরিচয় দিতে পারে না। ব্যক্তির ব্যক্তিত্ব প্রকাশ পায় তার কর্মের মাধ্যমে, এ যে কর্ম তা সঠিকভাবে উপলব্ধি করা যায় শিক্ষাঙ্গনের অনুসারী হয়ে। অনেকে বিদ্যা অর্জন করে, এমন সব কাজে

লিপ্ত হয় যা জাতির জন্য কল্যাণকর নয়। আমাদের দেশে যে কোন ব্যাপার নিয়ে তর্কবিতর্ক আরম্ভ হয় ঘটনা সংঘটিত হওয়ার পর পরই। ঘটনার সূত্র পাঠের পূর্বে সকলের দৃষ্টিতে তা ফুটে উঠে, কিন্তু তেমন গুরুত্ব দেয়া হয় না। প্রথমত কর্ম জীবনের কথা বলি। ছেলেরা পড়া শেষে চাকুরীর সন্ধ্যানে অফিস-আদালতে খন্না দেয়। বহু ক্ষেত্রে দেখা যায় কর্মখালি নেই, আর যদিও বা ২/১টি খালি থাকে সেখানে আত্মীয় ও উপরের কর্মকর্তা না থাকলে গেটের দরজা সহসা বন্ধ হয়ে আসে। এমন মুহূর্তে একজন সাধারণ বেকার যুবকের ভবিষ্যৎ জীবনের কথা কেউ চিন্তা করে কি? যখন সে কোথাও কাজ পায় না তখন ভাবতে হচ্ছে হয়, অযথা পিতা-মাতার টাকা-পয়সা নষ্ট করে বি.এ, এম.এ

পাস করে কিংবা সমাজে একজন শিক্ষিত মানুষরূপে পরিচিত হয়ে সমাজে কি পাচ্ছে তার। এরই নাম কি শিক্ষাই জাতির মেরুদণ্ড? এদেশের শিক্ষার যে হাল অবস্থা, এভাবে চলতে থাকলে আগামী দশ বছরে শিক্ষিত বেকার এবং অধ্যয়নরত শিক্ষিতের হার সমান হয়ে যাবে। পরীক্ষায় অসুদোপায় অবলম্বন করে শতকরা ৬৫% বা তার বেশী পাস করছে। অথচ দেখা যাচ্ছে প্রতি বছর পাসের সংখ্যা বৃদ্ধি পেয়ে দেশে বেকারের সংখ্যা সীমা ছাড়িয়ে যাচ্ছে। যখন দেশে শিক্ষার পট-পরিবর্তন হল তখন দুর্নীতি শিক্ষাঙ্গনে বেড়ে চললো। এক শ্রেণীর ছাত্র সমাজ রয়েছে যারা বই-পুস্তকের সাথে সম্পর্ক বিহীন। আজ তারা পরীক্ষার প্রাক্কালে এমন ভূমিকা পালন করে

কিংবা তাদের এমন সুযোগ-সুবিধা দেয়া হয়। ফলে, ভাল ফলাফল নিয়ে উজ্জীর্ণ হয়ে যায়। সরকার প্রতিটি উপজেলার বিভিন্ন মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রগুলোতে নকলের প্রাথমিক অবস্থা জরিপের জন্য একটি কমিটি গঠন করে দেখতে পারেন। কারা নকল সরবরাহের ব্যাপারে সম্পূর্ণভাবে জড়িত। এ অবস্থা-রোধ না করলে শিক্ষাঙ্গনে শান্তি আসবে না। আমাদের গভীরভাবে চিন্তা করতে হবে, শিক্ষা যে জাতির মেরুদণ্ড, কিভাবে তার পবিত্রতা রক্ষা করা যায়। শিক্ষা যে জাতির মেরুদণ্ড এ কথাটির সঠিক মূল্যায়ন করতে সকল মহল এগিয়ে আসবেন।  
—মীর মোশাররফ হোসেন (রোটিন)  
৩১০/এ, এরশাদ হল  
ঢাকা-১।